



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



খাদ্য অধিদপ্তর

সংস্থাগন শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd

নম্বর: ১৩.০১.০০০০.০৩১.৩২.০০৬.১৯.৬৭৮

তারিখ: ১৭ আষাঢ় ১৪২৮

০১ জুলাই ২০২১

পরিপত্র

বিষয়: সাইলো/সিএসডি/এলএসডিতে খাদ্যশস্য নমুনা সংগ্রহপূর্বক গুণগতমান পর্যবেক্ষণে ব্যবহার করা বোংগার স্পেসিফিকেশন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরের সাইলো/সিএসডি/এলএসডিতে খাদ্যশস্যের গুণগত মান পরীক্ষা/পর্যবেক্ষণের জন্য যথাযথ বোংগা দ্বারা নমুনা সংগ্রহ অতীব গুরুত্বপূর্ণ। মাঠ পর্যায়ে ব্যবহৃত বোংগাসমূহ বিভিন্ন ধরণের এবং ক্রুটিপূর্ণ হওয়ায় নমুনা সংগ্রহকালে খাদ্যশস্য গুদামের মেঝেতে পড়ে অনেক খাদ্যশস্যের অপচয় হয় এবং বস্তা ক্ষতিগ্রস্ত হওয়ার আশংকা থাকে। বিষয়টি কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হওয়ায় ২০১৮ সালে মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকার নির্দেশক্রমে সমগ্র বাংলাদেশে খাদ্য অধিদপ্তরের মাঠপর্যায়ে সাইলো/সিএসডি/এলএসডিতে খাদ্যশস্য নমুনা সংগ্রহপূর্বক গুণগতমান পরীক্ষা/পর্যবেক্ষণের জন্য নির্দিষ্ট বোংগা-র স্পেসিফিকেশন প্রণয়নপূর্বক স্পেসিফিকেশনের বিবরণসহ ০১ (এক)টি করে নমুনা বোংগা সকল বিভাগে সরবরাহ করা হয়েছে। কিন্তু সম্প্রতি মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয় ময়মনসিংহ ও ব্রাহ্মণবাড়িয়া জেলার সিএসডি/ এলএসডি পরিদর্শনকালে খাদ্য অধিদপ্তর কর্তৃক নির্দেশিত বোংগা-র ব্যবহার না করে বিভিন্ন ধরনের ক্রুটিপূর্ণ বোংগার ব্যবহার দেখতে পান। এতে তাঁরা অসম্মোষ প্রকাশ করেন এবং মাঠ পর্যায়ের সকল স্থাপনায় খাদ্য অধিদপ্তরের নির্ধারিত স্পেসিফিকেশনের বোংগা ব্যবহার নিশ্চিত করার পরামর্শ প্রদান করেন।

এমতাবস্থায়, খাদ্যশস্যের গুণগত মান পরীক্ষা/পর্যবেক্ষণে সচ্ছতা আনয়নের লক্ষ্যে ও খাদ্যশস্যের অপচয় রোধকল্পে খাদ্য অধিদপ্তর কর্তৃক নির্দেশিত স্পেসিফিকেশন অনুযায়ী বোংগার ব্যবহার নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো। খাদ্য অধিদপ্তর নির্দেশিত বোংগার ব্যবহার না করে স্পেসিফিকেশন বহির্ভূত বোংগা ব্যবহার করলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।


বোংগার স্পেসিফিকেশন নিম্নরূপ

ক্র: নং	বিবরণ	
১	মোট দৈর্ঘ্য, উপাদান	৪৫ সেন্টিমিটার, ষ্টেইনলেস স্টিল পাইপ
২	মূল পাইপের ডায়ামিটার এবং থিকনেস	১.২ মিলিমিটার, ১.২ থেকে ১.৪ মিলিমিটার
৩	সম্পূর্ণ বোংগার ওজন	১৫০ থেকে ১৮০ গ্রাম
৪	হাতল অংশের দৈর্ঘ্য এবং এর ডায়ামিটার	১১ সেন্টিমিটার, ১.৩ থেকে ১৩.৫ মিলিমিটার
৫	সুঁচাল কনিক্যাল অংশ	৯ সেন্টিমিটার
৬	মধ্যবর্তী খাঁজওয়ালা পাইপ ও খাঁজের চওড়া	২৫ সেন্টিমিটার, ৮ মিলিমিটার

৭	শেষ প্রান্ত	হাতলের দিকের প্রান্ত বন্ধ থাকবে, অন্য প্রান্ত হবে সুঁচাল
---	-------------	---



<--৯ সে:মি-->	<-----২৫ সে:মি----->	<-----১১ সে:মি----->
---------------	----------------------	----------------------



৫-৭-২০২১

শেখ মুজিবুর রহমান

মহাপরিচালক (গ্রেড-১)

বিতরণ:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ৩) পরিচালক, প্রশাসন/ সববি/ চসসা/ হিসাব ও অর্থ/ সংগ্রহ/ পটকা/ প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ। (সংশ্লিষ্ট সকলকে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য)
- ৫) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ সাইলো/সান্তাহার সাইলো/আশুগঞ্জ সাইলো/খুলনা সাইলো।
- ৬) সিল্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো)